রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৮, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৮৭—৭০৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪০১—১৪১১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১৫—২১৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১০৭—১২৩৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৩—৪৪ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৪/৩০ আগস্ট ২০১৭

**বিষয়: বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা/সংস্থাসমূহের নিবন্ধন/নিবন্ধন নবায়নের ক্ষেত্রে নন-ট্যাক্স রেভিনিউ ও নন-এনবিআর ট্যাক্স আইটেমসমূহের রেট নির্ধারণ/পুনঃ নির্ধারণ।**

সূত্র: (১) এনজিও বিষয়ক ব্যুরোর স্মারক নম্বর-০৩.০৯.০০০০.৬৬০.৬৬.০৪৪.১৭-২১৫, তারিখ: ৮ জুন ২০১৭।

(খ) অর্থ বিভাগের স্মারক নম্বর-০৭.০০.০০০০.১৪৩.০৩.০১২.০২-৩৩, তারিখ: ০৩ আগস্ট ২০১৭।

**নং ০৩.০৭০.০২২.০৩.০০.০০৬.২০১০(অংশ-৩)-১৩৭**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে "বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬" এর ৪নং ধারার বিধান মতে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জারীকৃত পরিপত্র, স্মারক নম্বর ০৩.০৭০.০২২.০৩.০০.০১৩.২০১০-৯০(৫০০), তারিখ ১২ এপ্রিল ২০১২-এর নিবন্ধন/নিবন্ধন নবায়ন/অন্যান্য ফি বিষয়ক অনুচ্ছেদ ৬.১(খ), ৬.২(ক) এবং ৬.৪ নিম্নোল্লিখিতভাবে সংশোধন করা হলো:

| ক্রঃ নং | পরিপত্র ক্রঃ নং | আইটেমসমূহের নাম | পূর্বের নির্ধারিত ফি (প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল, ২০১২ সালের পরিপত্র অনুযায়ী) | সংশোধিত ফি |
|---|---|---|---|---|
| ১. | ৬.১ (খ) | নিবন্ধন ফিঃ<br>ক) দেশী<br>খ) বিদেশী | (ক) ২০,০০০/-(বিশ হাজার) টাকা<br>(খ) ৩,০০০/-(তিন হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। | (ক) ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা<br>(খ) ৯,৫০০/-(নয় হাজার পাঁচশত) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রঃ নং | পরিপত্র ক্রঃ নং | আইটেমসমূহের নাম | পূর্বের নির্ধারিত ফি (প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল, ২০১২ সালের পরিপত্র অনুযায়ী | সংশোধিত ফি |
|---|---|---|---|---|
| ২. | ৬.২ (ক) | নিবন্ধন নবায়ন ফিঃ<br>ক) দেশী<br>খ) বিদেশী | (ক) ১৫,০০০/-(পনের হাজার) টাকা<br>(খ) ২,০০০/-(দুই হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। | (ক) ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা<br>(খ) ৬,০০০/-(ছয় হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। |
| ৩. | ৬.৪ | অন্যান্য ফিঃ<br>ক) সংস্থার নাম পরিবর্তন ফি<br>খ) ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি<br>গ) গঠনতন্ত্রের পরিবর্তন/ সংশোধন/সংযোজন/বিয়োজন ফি | (ক) ২০,০০০/-(বিশ হাজার) টাকা<br>(খ) ১০,০০০/-(দশ হাজার) টাকা<br>(গ) ১০,০০০/-(দশ হাজার) টাকা। | (ক) ২৬,০০০/-(ছাব্বিশ হাজার) টাকা<br>(খ) ১৩,০০০/-(তের হাজার) টাকা<br>(গ) ১৩,০০০/-(তের হাজার) টাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডাঃ মোঃ জুলফিকার আলী**
পরিচালক-৩।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভদ্র ১৪২৪/৩০ আগস্ট ২০১৭

**বিষয়: বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা/সংস্থাসমূহের নিবন্ধন/নিবন্ধন নবায়নের ক্ষেত্রে নন-ট্যাক্স রেভিনিউ ও নন-এনবিআর ট্যাক্স আইটেমসমূহের রেট নির্ধারণ/পুনঃ নির্ধারণ।**

সূত্র: (১) এনজিও বিষয়ক ব্যুরোর স্মারক নম্বর-০৩.০৯.০০০০.৬৬০.৬৬.০৪৪.১৭-২১৫, তারিখ: ৮ জুন ২০১৭।
(খ) অর্থ বিভাগের স্মারক নম্বর-০৭.০০.০০০০.১৪৩.০৩.০১২.০২-৩৩, তারিখ: ০৩ আগস্ট ২০১৭।

**নং ০৩.০৭০.০২২.০৩.০০.০০৬.২০১০(অংশ-৩)-১৩৭**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে “বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬” এর ৪নং ধারার বিধান মতে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জারীকৃত পরিপত্র, স্মারক নম্বর ০৩.০৭০.০২২.০৩.০০.০১৩.২০১০-৯০(৫০০), তারিখ ১২ এপ্রিল ২০১২-এর নিবন্ধন/নিবন্ধন নবায়ন/অন্যান্য ফি বিষয়ক অনুচ্ছেদ ৬.১(খ), ৬.২(ক) এবং ৬.৪ নিম্নোল্লিখিতভাবে সংশোধন করা হলো:

| ক্রঃ নং | পরিপত্র ক্রঃ নং | আইটেমসমূহের নাম | পূর্বের নির্ধারিত ফি (প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল, ২০১২ সালের পরিপত্র অনুযায়ী) | সংশোধিত ফি |
|---|---|---|---|---|
| ১. | ৬.১ (খ) | নিবন্ধন ফিঃ<br>ক) দেশী<br>খ) বিদেশী | (ক) ২০,০০০/-(বিশ হাজার) টাকা<br>(খ) ৩,০০০/-(তিন হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। | (ক) ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা<br>(খ) ৯,০০০/-(নয় হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। |
| ২. | ৬.২ (ক) | নিবন্ধন নবায়ন ফিঃ<br>ক) দেশী<br>খ) বিদেশী | (ক) ১৫,০০০/-(পনের হাজার) টাকা<br>(খ) ২,০০০/-(দুই হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। | (ক) ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা<br>(খ) ৬,০০০/-(ছয় হাজার) ইউএস ডলার বা সমপরিমাণ টাকা। |
| ৩. | ৬.৪ | অন্যান্য ফিঃ<br>ক) সংস্থার নাম পরিবর্তন ফি<br>খ) ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি<br>গ) গঠনতন্ত্রের পরিবর্তন/ সংশোধন/সংযোজন/বিয়োজন ফি | (ক) ২০,০০০/-(বিশ হাজার) টাকা<br>(খ) ১০,০০০/-(দশ হাজার) টাকা<br>(গ) ১০,০০০/-(দশ হাজার) টাকা। | (ক) ২৬,০০০/-(ছাব্বিশ হাজার) টাকা<br>(খ) ১৩,০০০/-(তের হাজার) টাকা<br>(গ) ১৩,০০০/-(তের হাজার) টাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডাঃ মোঃ জুলফিকার আলী**
পরিচালক-৩।

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪/১০ সেপ্টেম্বর ২০১৭

**নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০১.২০১৭-৯০৬(৬)**—যেহেতু, আপনি জনাব সাইফ আহমেদ শাকিল (পরিচিতি নং এ০২৮৮), সহকারি পরিচালক, জেলা এনএসআই, মৌলভীবাজার কার্যালয়ে কর্মরত আছেন। গত ০৯-০৮-২০১৬ তারিখে জেলা কর্মকর্তার অনুমতি না নিয়ে অননুমোদিতভাবে সরকারি গাড়িযোগে (ঢাকা মেট্রো গ-৩৩-৮৭৪৯) শ্রীমঙ্গল শহর শ্রীমঙ্গলস্থ ফুলছড়া চা বাগানে গমন সংক্রান্ত অভিযোগে আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর বিধি-৩(বি) মোতাবেক আপনাকে অভিযুক্ত করে একই বিধিমালার বিধি-৪(৩)(ডি) অনুযায়ী কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৫-০৭-২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব কর্তৃক শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত শুনানিকালে এনএসআই-এর প্রতিনিধি উপ-পরিচালক জনাব মোঃ আবদুস সামাদ সরকার উপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার ব্যক্তিগত শুনানিতে প্রাপ্ত তথ্য এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের প্রতিনিধি কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী প্রতীয়মান হয় যে, ০৯-০৮-২০১৬ তারিখে আপনার দাপ্তরিক এখতিয়াধীন এলাকায় দাপ্তরিক কাজে বর্ণিত গাড়ি নিয়ে গমন করেছিলেন এবং অফিস প্রধানের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে আপনি বর্ণিত কার্যাবলী সম্পাদন করেছেন;

সেহেতু, সহকারী পরিচালক জনাব সাইফ আহমেদ শাকিল (পরিচিতি নং এ০২৮৮)-এর কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানিকালে প্রাপ্ত তথ্যাদি এবং এনএসআই-এর দেয় তথ্যাদি পর্যালোচনায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ১৯৮৫ সালের সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো।

**নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০৩.২০১৭-৯০৭(৬)**—যেহেতু, আপনি জনাব মুন্সী তানিয়া আফছার (পরিচিতি নং-এ০৩১৩), সহকারী পরিচালক, নগর অভ্যঃ অপাঃ শাখা, এনএসআই, ঢাকা কার্যালয়ে কর্মরত আছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে "The Light, ১২৪/(৪র্থ তলা), কাকরাইল রোড, ঢাকা" নামক একটি সমাজসেবামূলক প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র প্রদানের বিষয়ে উক্ত সংস্থার সভাপতির নিকট হতে উৎকোচ গ্রহণ করার লিখিত অভিযোগ উত্থাপিত হয় ও "Cultural Mobilization & Development Society, House-230/A, Flat-C-2, Road-8, Block-A, Bashundhara, Dhaka-1212" নামক সমাজসেবামূলক প্রতিষ্ঠানের অনুসন্ধানকালে একজন ফিল্ড অফিসারের সাথে যোগসাজশে উৎকোচ গ্রহণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে 'সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর বিধি-৩(বি) মোতাবেক আপনাকে অভিযুক্ত করে একই বিধিমালার বিধি-৪(৩)(ডি) অনুযায়ী কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৯-০৪-২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব কর্তৃক শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত শুনানিকালে এনএসআই-এর প্রতিনিধি যুগ্ম-পরিচালক জনাব আবু তৈয়ব মজুমদার উপস্থিত ছিলেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত তথ্য, নথিজাত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, এনএসআই-এর নগর অভ্যন্তরীণ শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের কর্তব্য বন্টন তালিকায় ফিল্ড অফিসার জনাব মোঃ আনিচুর রহমান সহকারী পরিচালক মুন্সী তানিয়া আফছার-এর নিয়ন্ত্রণাধীন কোন কর্মকর্তা নন। এক্ষেত্রে জনাব মোঃ আনিচুর রহমানের মাধ্যমে উৎকোচ গ্রহণের বিষয়ে যোগসাজশের বিষয়টি প্রমাণিত হয়নি;

সেহেতু, সহকারী পরিচালক মুন্সী তানিয়া আফছার (পরিচিতি নং এ০৩১৩)-এর কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানি এবং এনএসআই থেকে প্রাপ্ত প্রতিবেদনসহ নথিজাত কাগজপত্র পর্যালোচনায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় আনীত অভিযোগ হতে ১৯৮৫ সালের সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো।

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৪/১২ সেপ্টেম্বর ২০১৭

**নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০১.২০১৪-৯২২**—সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর আলোকে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জনাব মোঃ এনামুল করিম চৌধুরী, উপ-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর-এর বিরুদ্ধে ৩০ জুলাই ২০১৩ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য ডিজারশন (Desertion)-এর অভিযোগে ০১/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। মামলায় অভিযোগনামা ও বিবরণীসহ কারণ দর্শানো হলে ০২-০৬-২০১৫ তারিখে প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় পদ্ধতিগত কার্যক্রম গ্রহণ শেষে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা স্মারক নং/১০/১-৯৬(গঃ ও বিঃ)-৩৩ তারিখ ১৬-০১-২০১৭ এর মাধ্যমে বিস্তারিত তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে প্রতিভাত হয় যে,

(ক) ৩০ জুলাই ২০১৩ তারিখের ০৩.০৭৯.০২৭.০৪.০০.০১.২০১৪-৫১৭ নং স্মারকের মাধ্যমে প্রেষণাদেশ বাতিলের আদেশ ও স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক নিজ সংস্থায় যোগদানের নির্দেশ সংক্রান্ত জারীকৃত পত্র যথাযথভাবে জনাব মোঃ এনামুল করিম চৌধুরীর হস্তগত হয়েছিল।

(খ) যেহেতু জনাব মোঃ এনামুল করিম চৌধুরী প্রেষণাদেশ বাতিলের তারিখ (৩০-০৭-২০১৩) হতে ধারাবাহিকভাবে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং ৩০ জুলাই ২০১৩ তারিখ হতে যুক্তরাজ্যে অবস্থান করছেন। তদন্ত প্রতিবেদনের কপিসহ ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ০৩.০৭৯.০২৭.০৪.০০.০১.২০১৪-২৪৭ নং স্মারকের মাধ্যমে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তসহ ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় যা ১৬ মে ২০১৭ তারিখে প্রাপ্ত হলেও কোন সন্তোষজনক জবাব প্রেরণ করেননি।

২। যেহেতু আনীত অভিযোগ, দালিলিক তথ্য প্রমাণাদি এবং তদন্তে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে ৩০ জুলাই ২০১৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ও যুক্তরাজ্যে অবস্থান সংক্রান্ত অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা সরকারি কর্মকর্তা (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(সি) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

৩। সেহেতু, সরকারি কর্মকর্তা (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(সি) বিধিতে অননুমোদিত অনুপস্থিতি (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বর্ণিত বিধিমালা এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক আপনি জনাব মোঃ এনামুল করিম চৌধুরী-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সুরাইয়া বেগম** এনডিসি
সিনিয়র সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**বিশেষ আদেশাবলী**

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/৩০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৮৮/২০১৭/শুল্ক/৩৯২**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ পর্যটন করপোরেশন নামীয় প্রতিষ্ঠানের শুল্কমুক্ত বিপনীর বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২-এর বিপরীতে ১২,৫০,০০০.০০ (বার লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার এবং বন্ড লাইসেন্স নং-৫০৫/কাস/পিবিডব্লিউ/৮৫-এর বিপরীতে ১২,৫০,০০০.০০ (বার লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার অর্থাৎ ২০১৭-১৮ অর্থ বছরের জন্য সর্বমোট ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) মার্কিন ডলার বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো।

**নং ৮৯/২০১৭/শুল্ক/৩৯৩**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হিলি স্থলবন্দর, দিনাজপুরে স্থাপিত "মেসার্স হক ট্রেডার্স" নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০৬/কাস-এসবিডব্লিউ/২০১৪, তাং ২৫-১১-১১) অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো।

| ক্রমিক নং | পণ্যের নাম | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩৪,০০০.০০ |
| ২. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩২,০০০.০০ |
| ৩. | খাদ্যদ্রব্য, ইলেক্টনিক্স ও অন্যান্য | ৩৪,০০০.০০ |
| | সর্বমোট= | ১,০০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম. শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**জনবল ব্যবস্থাপনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৪/২৫ মে ২০১৭

**নং ১৭.০০.০০০০.০১৫.৫৬.০০৩.৯৯-২১১**—জনাব মোহাম্মদ মজিবুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (চাকরী হতে বরখাস্তধীন) বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকা-এর দায়েরকৃত এ.এ.টি. আপিল নং ২৭৬/২০১৪ এর ০৯-০২-২০১৭ তারিখের আপিলের রায় অনুসারে এই সচিবালয়ের ২১-১০-২০১০ তারিখের নিকস/প্র-২/ব্যঃ৫(১)/৯৯(অংশ-১)/৪০৪ অফিস আদেশের মাধ্যমে তার চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) আদেশ প্রত্যাহার করে তাঁকে চাকরীতে পুনর্বহাল করা হল। তাঁর চাকুরী হতে বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

২। বরখাস্তকালীন সময়ের সকল বকেয়া বেতন ও ভাতার আর্থিক সুবিধা তিনি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাবেদ উর রহমান**
সিনিয়র সহকারী সচিব (জঃ ব্যঃ-১)।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২৩ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮২**—অর্থ বিভাগের ১৮-১০-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৫৮.১৫-৮০ নং প্রজ্ঞাপন অনুযায়ী পুলিশ বাহিনীর এসআই/সার্জেন্ট/টিএসআই এবং তদনিম্ন পর্যায়ের কর্মচারীদের চাকরির বয়স ভিত্তিক ঝুঁকি ভাতার হার নির্ধারণের ক্ষেত্রে বিরাজমান জটিলতা নিরসনকল্পে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

"ঝুঁকি ভাতার আওতাভুক্ত পুলিশ সদস্যগণ পদোন্নতি জনিত কারণে নিম্নপদে প্রাপ্য ঝুঁকি ভাতা থেকে কম পরিমাণ ঝুঁকি ভাতা প্রাপ্য হলে উপর্যুক্ত প্রজ্ঞাপনের সারণিতে পদোন্নতিপ্রাপ্ত পদের বিপরীতে উল্লিখিত হারের সমধাপে বা উচ্চধাপে পৌঁছানোর পূর্ব পর্যন্ত নিম্নপদে আহরিত ঝুঁকি ভাতার সমপরিমাণ ভাতা প্রাপ্য হবেন।"

২। এ আদেশ ০১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

**সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ**
**পরিবীক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৪/৩০ আগস্ট ২০১৭

**নং ০৭.০০.০০০০.০৯৭.০০.০১২.১৬-৬৯**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীনে কোম্পানী এ্যাক্ট ১৯৯৪ এর আওতায় গঠিত National Human Resource Development Fund (NHRDF) এর সংঘ বিধি (Articles of Association) এর বিধি ৩৬ অনুযায়ী নিম্নরূপে NHRDF কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন করা হলো:

**সভাপতি**

(১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৩) সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(৪) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

(৫) সচিব, শিল্প মন্ত্রণালয়।

(৬) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(৭) জনাব শেখ ফজলে ফাহিম, প্রথম সহ-সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)।

(৮) জনাব কামরান টি. রহমান, সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ারস ফেডারেশন।

(৯) জনাব মেজবাহউদ্দিন আহমেদ, ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি অন ওয়ার্কার্স এডুকেশন এর প্রতিনিধি।

(১০) মিসেস লায়লা রহমান কবির, দক্ষতা উন্নয়ন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন সিভিল সোসাইটি'র প্রতিনিধি।

(১১) মিজ তাহসিনাহ আহমেদ, দক্ষতা উন্নয়ন বিষয়ে একাডেমিক অভিজ্ঞতাসম্পন্ন প্রতিনিধি।

২। এই পরিচালনা পর্ষদ NHRDF এর সংঘ বিধি (Articles of Association)-তে উল্লিখিত বিধি ও তদধীনে প্রণীত প্রবিধিসমূহের আলোকে এই কোম্পানীর তহবিল ব্যবস্থাপনা, তহবিল ব্যবস্থাপনায় নীতি নির্ধারণ, তহবিল বৃদ্ধির জন্য বিনিয়োগ প্রস্তাব অনুমোদন ও বার্ষিক বাজেট অনুমোদনসহ NHRDF এর সংঘ স্মারকে (Memorandum of Association) উল্লিখিত লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**সঞ্চয় শাখা**

**আদেশ**

তারিখ: ০১ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৪১.১৫.০১৫.১৪(অংশ)-২৯৯**—আদিষ্ট হয়ে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ৮১(একাশি)টি কম্পিউটারের অতিরিক্ত ১০৮(একশত আট) টি কম্পিউটার (প্রিন্টার ও ইউপিএস-সহ) ও ১(এক)টি প্রজেক্টর মেশিন অন্তর্ভুক্তকরণে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদন রয়েছে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল জব্বার**
সহকারী সচিব।

---

**অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৪/২৮ আগস্ট ২০১৭

**নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৬.১৭.৩৮৩**—যেহেতু, জনাব মোঃ দুলাল উদ্দিন উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি), হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রাক্তন জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ) এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭(১) ধারায় কোতোয়ালী (ময়মনসিংহ) থানায় মামলা নম্বর: ১৪৩, তারিখ: ৩১ জানুয়ারি ২০১৭ দায়ের করা হয়। সে মোতাবেক গত ১১ এপ্রিল ২০১৭ তারিখে তাকে গ্রেফতারপূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয় এবং ১৬ এপ্রিল ২০১৭ তারিখে বিজ্ঞ দায়রা জজ আদালত, ময়মনসিংহ হতে জামিন প্রদান করা হয়। বর্তমানে মামলাটি দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহে তদন্তাধীন আছে; এবং

যেহেতু, ফৌজদারি মামলা চলমান অবস্থায় সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার বিধান রয়েছে;

সেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ নোট-১ এবং নোট-২ মোতাবেক জনাব মোঃ দুলাল উদ্দিন বর্তমানে উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি), হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রাক্তন জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ)-কে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরাখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকি ভাতা (Subsistence allowance) প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ১১ এপ্রিল ২০১৭ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেদায়েতুল্লাহ আল মামুন**
অর্থ সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৫২.১৪.৬১৬**—যেহেতু, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রামের সহকারী পরিচালক জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) উপবিধি এর আওতায় অসদাচরণের দায়ে এই বিভাগের ০৮-০১-২০১৫ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৩৯.১২.২৪ নং স্মারকে বিভাগীয় মামলা আনয়ন করে কৈফিয়ত তলব করা হয়;

২। যেহেতু, জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ উক্ত অভিযোগের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

৩। যেহেতু, তাঁর প্রার্থনার প্রেক্ষিতে গত ২০-০৬-২০১৬, তারিখ সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক অভিযুক্ত কর্মকর্তার শুনানি গ্রহণ করা হয়;

৪। যেহেতু, ব্যক্তিগত শুনানি কৈফিয়তের জবাব ও বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র এবং রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে আনীত অভিযোগের বিষয়ে ন্যায় বিচারের স্বার্থে ও সিদ্ধান্তে উপনীত হবার নিমিত্ত বিভাগীয় মামলাটি আনুষ্ঠানিকভাবে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়;

৫। যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-০১-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৩৯.১২.৫৯ সংখ্যক স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মদ এহতেশামুল হক, যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রামকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৬। যেহেতু, জনাব মোহাম্মদ এহতেশামুল হক গত ০৬-০৩-২০১৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন স্বয়ংসম্পূর্ণ না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৬(২) বিধি মোতাবেক মামলাটি পুনঃ তদন্তের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৮-০৪-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৩৯.২৯৪ সংখ্যক স্মারকমূলে বেগম জাকিয়া সুলতানা, পরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ডকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৭। যেহেতু, বেগম জাকিয়া সুলতানা গত ২৬-০১-২০১৭ তারিখে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে আনীত কর্তৃপক্ষের লিখিত বা মৌখিক অনুমোদন ব্যতিরেকে অতিরিক্ত দায়িত্বের কর্মস্থলে অনুপস্থিতি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে অসংযত শব্দ প্রয়োগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত দিয়েছেন;

৮। যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলা সংক্রান্ত পূর্বাপর সকল কাগজপত্র ও রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদ এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে;

৯। যেহেতু, জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদের বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং এই কারণে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২)(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং অভিযুক্ত কর্মচারী চাকুরীতে নবীন এবং এটি তাঁর প্রথম অপরাধ বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

১০। সেহেতু, জনাব আবু হানিফ মোহাম্মদ আবদুল আহাদের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২) বিধি মোতাবেক অসদাচরণের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হল। বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত এর বিষয়টি বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি ৪৫ এবং ফান্ডামেন্টাল রুলস এর বিধি ২৪ অনুযায়ী কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

**শাখা-১ (প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৬.৬৫.০২৮.০৮-৮১৬**—যেহেতু, বিজ্ঞ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, ঢাকা কর্তৃক গত ০২-০৮-২০১৭ খ্রিঃ তারিখের আদেশে জনাব মোঃ আল আমিন, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা-কে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০(সংশোধনী-০৩) এর ১১(ক) নম্বর ধারার অভিযোগের দায় হতে নির্দোষ সাব্যস্তে খালাস প্রদান করা হয় এবং খালাসপ্রাপ্ত জামিনে থাকা আসামীকে জামিন নামার দায় হতে মুক্ত করা হয়;

২। সেহেতু, জনাব মোঃ আল আমিন, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা এ অনুকূলে জারীকৃত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৫-১২-২০১৬ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৬.৬৫.০২৮.০৮-১৪৬৯ নম্বর সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপন প্রত্যাহার করে তাঁকে চাকরিতে পুনর্বহাল করা হলো।

৩। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়ের অনুপস্থিতকাল কর্মকালীন সময় হিসেবে গণ্য হবে এবং তিনি পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

**কৃষি মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৪/১০ আগস্ট ২০১৭

**নং ১২.০০.০০০০.০১২.৩১.০৪০.১০-৮১৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখার ২২-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫.২০০৮(অংশ-১)-১১০ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের হিসাব রক্ষক-এর দায়িত্ব ও কার্যপরিধি অপরিবর্তিত রেখে জনাব মোহাম্মদ আবদুললাহ-এর পদবি ও বেতন স্কেল নিম্নরূপভাবে উন্নীত করার মঞ্জুরি আদেশ ভূতাপেক্ষভাবে জারি করা হলোঃ

| নাম | যে পদে কর্মরত ছিলেন | পরিবর্তিত পদনাম | বর্তমান বেতন স্কেল | পরিবর্তিত বেতন স্কেল | পরিবর্তিত পদমর্যাদা |
|---|---|---|---|---|---|
| জনাব মোহাম্মদ আবদুললাহ | হিসাব রক্ষক | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৬,৪০০—১৪,২৫৫/- (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী) | ৮,০০০—১৬,৫৪০/- (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী) | দ্বিতীয় শ্রেণি |

২। এ আদেশ ২২-০৫-২০১৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে এবং এতদ্বারা ০৮ আগস্ট/২০১৭ তারিখের ১২.০০.০০০০.০১২.৩১.০৪০.১০-৮১০ সংখ্যক অফিস আদেশটি বাতিল করা হলো।

**ফারহানা আইরিছ**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪/২১ আগস্ট ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪০.১৭.৪৮৬**—যেহেতু, জনাব আকরাম হোসেন সোহাগ, প্রভাষক (রসায়ন), চট্টগ্রাম সরকারি কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় মামলা নং-৮৯/১৭ দায়ের করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে ১৭-০৭-২০১৭ তারিখে বিজ্ঞ বিচারক তাকে হাজতে প্রেরণ করেছেন;

যেহেতু, জনাব আকরাম হোসেন সোহাগ-কে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১৭-০৭-২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব আকরাম হোসেন সোহাগ-কে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৭-০৭-২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**সরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং শিম/শা:১৮/১ঢাঃবিঃ-৩/২০০০/২৭৫**—ঢাকা বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ এর ১১(২) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ডক্টর মোঃ আখতারুজ্জামান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগকে নিম্নেবর্ণিত শর্তে সম্পূর্ণ সাময়িকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব প্রদান করেছেন:

১.১ মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোন সময় তাঁকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করতে পারবেন;

১.২ তিনি বিধি অনুযায়ী পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

১.৩ তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন।

২.০ জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতির ও চ্যান্সেলরের আদেশক্রমে
**হাবিবুর রহমান**
উপসচিব (স.বি-১)।

**Ministry of Commerce**
**Export-7 Branch**

**Notifcations**

Date: 24 August 2017

**No. 26.00.0000.106.85.118.16/284**—The undersigned is directed to convey the Government's approval to Secretary, Ministry of Commerce to act as Commissioner General of Dubai Expo-2020 to be held at Dubai City, UAE during 20 October 2020 to 10 April 2021 on behalf of the Government of People's Republic of Bangladesh.

**No. 26.00.0000.106.85.118.16/285**—The undersigned is directed to convey the Government's approval to Additional Secretary (Export), Ministry of Commerce to act as Deputy Commissioner General of Dubai Expo-2020 to be held at Dubai City, UAE during 20 October 2020 to 10 April 2021 on behalf of the Government of People's Republic of Bangladesh.

By Order of the President
**Md. Abdur Rahim Khan**
Deputy Secretary.

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানী-১ শাখা**

**আদেশ**

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৪/২৯ আগস্ট ২০১৭

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০০৫.১৩-৩৬৭**—যেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েন (২১৫৩), বিভাগীয় প্রকৌশলী (ফোন্স)(সাময়িক বরখাস্ত), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), মৌলভীবাজার ১২-১২-২০১২ খ্রিঃ থেকে ১৮-১২-২০১৩ খ্রিঃ পর্যন্ত বিভাগীয় প্রকৌশলী (ফোন্স), সিলেটের অতিরিক্ত দায়িত্ব পালন করেন। বিভাগীয় প্রকৌশলী (ফোন্স), সিলেট হিসেবে কর্মরত থাকাবস্থায় অধস্তন কর্মকর্তা জনাব মামুন অর রশিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী এর সহযোগে বিটিসিএল, সিলেটের তালতলাস্থ এক্সচেঞ্জের সাথে সুনামগঞ্জ এক্সচেঞ্জের সংযোগ স্থাপনের নামে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে সার্ভার যন্ত্রপাতি স্থাপন করে অবৈধ কল প্রবাহের কার্যক্রমে লিপ্ত হন। সিলেট তালতলাস্থ এক্সচেঞ্জের ভিতর স্থাপিত অনুমোদন বহির্ভূত সার্ভার যন্ত্রপাতি প্রধান কর্মাধ্যক্ষ, সিলেট ১৭-০২-২০১৩ খ্রিঃ তারিখে জব্দ করেন। উক্ত অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি"র অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৪-০৩-২০১৩ তারিখে ১ম কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ২০-০৫-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

২। যেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েনের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য ১০-৬-২০১৩ তারিখে জনাব মোঃ আব্দুর রউফ, পরিচালক, বিটিসিএল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ২৬-৬-২০১৪ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব বিনয় কৃষ্ণ গায়েনের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(ডি) অনুযায়ী দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি কিন্তু ৩(বি) বিধিমতে "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করা হয়েছে;

৩। যেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েন, বিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্ত)-এর বিরুদ্ধে তদন্তে "অসদাচরণ"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক "চাকরি হতে অপসারণ (Removal from Service)" এর প্রস্তাবপূর্বক অভিযুক্ত কর্মকর্তা বরাবর ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে জনাব বিনয় কৃষ্ণ গায়েনের দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্তে "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) ধারা মোতাবেক "চাকরি হতে অপসারণ (Removal from Service)"-এর গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৪। যেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েন-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) ধারা মোতাবেক "চাকরি হতে অপসারণ (Removal from Service)" গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে গত ২৫-০৬-২০১৫ তারিখে সরকারী কর্ম কমিশন (পিএসসি) এর পরামর্শ/মতামত চাওয়া হয়। পিএসসি'র ১৭-০৮-২০১৫ তারিখের ৮০.১০১.০৩৪.০০.০০.৮০.২০১৫-২৮৬ নং স্মারকে "চাকরি হতে অপসারণ (Removal from Service)" গুরুদণ্ড প্রদানে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

৫। যেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েন বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের ১ম শ্রেণির কর্মকর্তা বিধায় তাকে "চাকরি হতে অপসারণ" এর প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন গ্রহণ করা হয়েছে:

৬। সেহেতু, জনাব বিনয় কৃষ্ণ গায়েন (২১৫৩), বিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্ত), বিটিসিএল (বর্তমানে টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(৩)(সি) বিধি মোতাবেক "চাকরি হতে অপসারণ (Removal from Service)" দণ্ড প্রদান করা হলো।

**শ্যাম সুন্দর সিকদার**
সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৪/৩১ আগস্ট ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২৩.০৪.০০৭.১৬-৩৬৬**—যেহেতু, জনাব মোঃ ওয়ালীউল ইসলাম, রক্ষণ প্রকৌশলী (চলতি দায়িত্ব) ও উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, পটুয়াখালী উপকেন্দ্রের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং-৬/২০১৫ রুজুকরতঃ তথ্য মন্ত্রণালয়ের ২০-০৭-২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.০৫.১৭৬ নং স্মারক মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ৩০-০৭-২০১৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং তাঁর অভিপ্রায় অনুযায়ী ০৯-০৯-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তথ্য মন্ত্রণালয়ের উপ-সচিব মিজ নিলুফার নাজনীনকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ ওয়ালীউল ইসলাম প্রাক্তন রক্ষণ প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ টেলিভিশন পটুয়াখালী উপকেন্দ্র, বর্তমানে রক্ষণ প্রকৌশলী (চলতি দায়িত্ব) বাংলাদেশ টেলিভিশন উখিয়া উপকেন্দ্রকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(২)(বি) মোতাবেক পরবর্তী দুই বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি (increment) স্থগিত (with hold) রাখার দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৭-৩৮২**—যেহেতু, আপনি জনাব মোঃ আলতাফ হোসেন, প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক (বর্তমানে উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর) গত ২১-০৭-২০০৯ খ্রিঃ আপনার সহকর্মী জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক-কে (বর্তমানে সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর) নিয়ে ঢাকা শিশু হাসপাতালে গিয়ে উক্ত হাসপাতালের উপপরিচালক জনাব এইচ এসকে আলম এর উপস্থাপন মতে Rid Pharma Ltd. এর প্রস্তুতকৃত Temset suspension (paracetamol) ব্যাচ নং ৩ Ridaplex syp (Vitamin B complex) ব্যাচ নং ১০ এর নমুনা হিসেবে একটি করে বোতল সংগ্রহ করে সরকারি টেস্টিং ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করেন;

যেহেতু, ড্রাগ আইন অনুযায়ী ৪(চার)টি স্যাম্পল সংগ্রহের বিধান থাকলেও আপনি তা সংগ্রহের চেষ্টা না করে অসৎ উদ্দেশ্যে ড্রাগ আইনের ২৩ ধারার অপব্যবহার করে মামলায় আসামীদের সহায়তা করার নিমিত্ত একটি মাত্র বোতল সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করেন;

যেহেতু, আপনি Rid Pharma Ltd. এর প্রস্তুতকৃত Temset suspension ও Ridaplex syrup এর নমুনা পরীক্ষা সংক্রান্ত সরকারি বিশ্লেষকের প্রতিবেদন সংগ্রহ না করে দায়িত্বে অবহেলার মাধ্যমে ড্রাগ আইনের ২৫ ধারা লঙ্ঘন করেছেন;

সেহেতু, জনাব মোঃ আলতাফ হোসেন, উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা আপনার উপর অর্পিত সরকারি দায়িত্ব যথাযথ পালন না করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আপনাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

আপনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৭-৩৮৩—যেহেতু, আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক (বর্তমানে সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর) গত ২১-০৭-২০০৯ খ্রিঃ আপনার সহকর্মী জনাব মোঃ আলতাফ হোসেন, প্রাক্তন ঔষধ তত্ত্বাবধায়ক-কে (বর্তমানে উপপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর) নিয়ে ঢাকা শিশু হাসপাতালে গিয়ে উক্ত হাসপাতালের উপপরিচালক জনাব এইচ এসকে আলম এর উপস্থাপন মতে Rid Pharma Ltd. এর প্রস্তুতকৃত Temset suspension (paracetamol) ব্যাচ নং ৩ Ridaplex syp (Vitamin B complex) ব্যাচ নং ১০ এর নমুনা হিসেবে একটি করে বোতল সংগ্রহ করে সরকারি টেস্টিং ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করেন;

যেহেতু, ড্রাগ আইন অনুযায়ী ৪(চার)টি স্যাম্পল সংগ্রহের বিধান থাকলেও আপনি তা সংগ্রহের চেষ্টা না করে অসৎ উদ্দেশ্যে ড্রাগ আইনের ২৩ ধারার অপব্যবহার করে মামলায় আসামীদের সহায়তা করার নিমিত্ত একটি মাত্র বোতন সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করেন;

যেহেতু, আপনি Rid Pharma Ltd. এর প্রস্তুতকৃত Temset suspension ও Ridaplex syrup এর নমুনা পরীক্ষা সংক্রান্ত সরকারি বিশ্লেষকের প্রতিবেদন সংগ্রহ না করে দায়িত্বে অবহেলার মাধ্যমে ড্রাগ আইনের ২৫ ধারা লঙ্ঘন করেছেন;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারি পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা আপনার উপর অর্পিত সরকারি দায়িত্ব যথাযথ পালন না করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আপনাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

